

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা
www.mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.২০০.২৫.০০১.২২.২৪৩

তারিখ: ৫ অগ্রহায়ণ ১৪২৯

২০ নভেম্বর ২০২২

বিষয়: ৭৪তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের সচিবালয় সংযুক্তি কার্যক্রম।

সূত্র: বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র এর স্মারক নং-০৫.০১.০০০০.২৬৩.২৫.৭৪১.২২.৭৫ তারিখ:
০২/১১/২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে গত ০৪ সেপ্টেম্বর ২০২২ তারিখ হতে ৬ (ছয়) মাস মেয়াদি ৭৪তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স একযোগে শুরু হয়। কোর্সটি আগামী ০২ মার্চ ২০২৩ তারিখে সমাপ্ত হবে। এ কোর্সে বাংলাদেশ সিভিল সার্ভিসের ১১টি ক্যাডারের মোট ৮৯ জন নবীন কর্মকর্তা প্রশিক্ষণরত আছেন। বুনিয়াদি প্রশিক্ষণ কার্যক্রমের একটি অবিচ্ছেদ্য অংশ হলো সচিবালয় সংযুক্তি, যার মৌলিক উদ্দেশ্য নিম্নরূপ:

(ক) প্রশিক্ষণার্থীদেরকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রশাসনিক কাঠামো, কার্যাবলী ও সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়া

সম্পর্কে সম্যক ধারণা প্রদান;

(খ) একটি নীতি নির্ধারণী নথির কোন নির্দিষ্ট বিষয় শুরু থেকে চূড়ান্ত নিষ্পত্তি তথা সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া

সম্পর্কে অবহিতকরণ;

(গ) বাংলাদেশ সচিবালয় নির্দেশমালা অনুযায়ী নথি সংরক্ষণ, ব্যবস্থাপনা ও উপস্থাপনের নিয়ম-কানুন

সম্পর্কে বাস্তব ধারণা প্রদান।

০২। সূত্রোক্ত পত্রে প্রস্তাবিত সচিবালয়ে সংযুক্তি কার্যক্রমে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীর সংখ্যা ও সময়সূচি সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:

ক্রম	প্রতিষ্ঠানের নাম	প্রশিক্ষণার্থীর সংখ্যা	গ্রুপ নম্বর	সময়সূচি
১.	বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকা।	৮৯	গ্রুপ ০১-১১	তারিখ: ৩০ নভেম্বর ও ০১ ডিসেম্বর ২০২২ (বুধবার ও বৃহস্পতিবার) সময়: সকাল ১০.০০টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে চলমান ৭৪তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণরত ১১টি ক্যাডারের ৮৯ জন প্রশিক্ষণার্থী কর্মকর্তাকে সচিবালয়ে সংযুক্তি কার্যক্রমের অংশ হিসেবে অনুচ্ছেদ-২ এ উল্লিখিত সময়সূচি অনুযায়ী সংযুক্ত তালিকায় (সংযুক্ত মন্ত্রণালয় বা বিভাগের তালিকা,) বর্ণিত মন্ত্রণালয়/বিভাগে নির্দেশক্রমে সংযুক্তি প্রদান করা হ'ল।

০৪। প্রশিক্ষণের পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের লক্ষ্যে গ্রুপভিত্তিক প্রশিক্ষণার্থীগণের তালিকা (তালিকা) এতদসঙ্গে

প্রেরণ করা হ'ল। উক্ত তালিকায় উল্লিখিত সমন্বয়কারী ও তদারককারী কর্মকর্তাগণকে সরবরাহকৃত ছক মোতাবেক প্রতিবেদন প্রতিদিন বিকাল ৫:০০টার মধ্যে অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখায় দাখিল করতে হবে।

০৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হ'ল।



২১-১১-২০২২

মুহাম্মদ আব্দুর রহিম সুজন

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫১৫৫২৫

ইমেইল: it1@mopa.gov.bd

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ২) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়।
- ৪) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ৫) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
- ৬) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়।
- ৭) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
- ৮) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়।
- ৯) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১০) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়।
- ১১) যুগ্মসচিব, প্রশাসন অনুবিভাগ, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.২০০.২৫.০০১.২২.২৪৩/১(১০)


তারিখ: ৫ অগ্রহাষণ ১৪২৯

২০ নভেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব/সচিব (সকল)।
- ২) রেস্টুর , বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)।
- ৩) অতিরিক্ত সচিব (প্রশাসন/এপিডি/সিপিটি/বিধি/সওব্য/শৃঙ্খলা ও তদন্ত/সংস্কার ও গবেষণা/ আইন)), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৪) যুগ্মসচিব, অভ্যন্তরীণ ও বিদেশ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৫) উপসচিব, নিরাপত্তা-২ শাখা, জননিরাপত্তা বিভাগ (৭৪তম বুনিয়াদি প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থী কর্মকর্তা এবং সংশ্লিষ্ট অনুষদ সদস্যগণ-কে বর্ণিত সময়সূচি অনুযায়ী নির্ধারিত তারিখে সচিবালয়ে প্রবেশের এবং তাদের জন্য খাবার বহনকারী গাড়ী সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধসহ)।

- ৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭) পরিচালক, পিপিআর অনুবিভাগ, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)।
- ৮) পরিচালক, প্রশাসন বিভাগ, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)।
- ৯) রেক্টর-এর একান্ত সচিব, রেক্টর এর দপ্তর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)।
- ১০) সিনিয়র সিস্টেম এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।



২১-১১-২০২২

মুহাম্মদ আব্দুর রহিম সূজন
সিনিয়র সহকারী সচিব